

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং-তবি/গৃহিঃ/২০১৬/১০৩৮/১৮

-হিসাব,

তারিখ: ০৫/০৮/২০১৬ খ্রি.

অফিস আদেশ

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, খুলনা, রংপুর, কুমিল্লা, ও সিলেট অঞ্চলের স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক/কর্মচারীগণের এমপিও কার্যক্রমের সময়সূচি ও নির্দেশনা সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, খুলনা, রংপুর, কুমিল্লা, ও সিলেট অঞ্চলের স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক/কর্মচারীগণের প্রতি এমপিও মাসে বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক/কর্মচারীগণের এমপিও শৃঙ্খলার সাথে এবং যথাসময়ে প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত সময়সূচি ও নির্দেশনা মোতাবেক এমপিও সংশ্লিষ্ট যাবতীয় কাজ সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অন লাইন :

ক্রমিক	কাজের বিবরণ
০১	প্রতিষ্ঠান প্রধানগণ বিধিমোবেক শিক্ষক-কর্মচারী নিয়োগ দেয়ার পর প্রয়োজনীয় সকল তথ্য ইনপুট দিয়ে অনলাইনে প্রতি এমপিও মাসের (জানুয়ারী, মার্চ, মে, জুলাই, সেপ্টেম্বর ও নভেম্বর) পূর্ববর্তী মাসের (ডিসেম্বর, ফেব্রুয়ারী, এপ্রিল, জুন, আগস্ট, অক্টোবর ও ডিসেম্বর) ১০ তারিখের মধ্যে আবেদন সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে সেন্ড করবেন। উক্ত তারিখের মধ্যে প্রাপ্ত সকল আবেদনসমূহ সংশ্লিষ্ট মাসের এমপিও-তে বিবেচনা করা হবে।
০২	সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রতি এমপিও পূর্ববর্তী মাসের ১০ তারিখের মধ্যে যে সকল আবেদন পাবেন তা যাচাই বাছাই পূর্বক এমপিও পূর্ববর্তী মাসের ১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের নিকট সেন্ড করবেন।
০৩	সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রেরিত আবেদন যাচাই বাছাই পূর্বক এমপিও পূর্ববর্তী মাসের ২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক উপ-পরিচালকের নিকট সেন্ড করবেন।
০৪	সংশ্লিষ্ট উপ-পরিচালক, জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রেরিত আবেদন যাচাই বাছাই পূর্বক এমপিও মাসের ১৫ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ই.এম.আই.এস-সেলে সেন্ড করবেন।
০৫	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে এমপিও অনুমোদনের নিমিত্তে গঠিত চূড়ান্ত কমিটির মিটিং সমাপ্ত পূর্বক এমপিও মাসের ২০ তারিখের মধ্যে বেতন-বিলের প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবে। পরবর্তীতে মন্ত্রণালয়ের দ্রুত অনুমোদন নিয়ে শিক্ষক-কর্মচারীরা যাতে মাসের ০১ তারিখের মধ্যে বেতন ভাতাদি উত্তোলন করতে পারে তার ব্যবস্থা করবেন।
০৬	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস ও আঞ্চলিক উপ-পরিচালক কেউ হার্ড কপি সংগ্রহ করবে না। হার্ড কপি প্রতিষ্ঠানে জমা থাকবে, প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনে সরবারহ করবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ফাহিমা খাতুন)  
মহাপরিচালক

স্মারক নং-তবি/গৃহিঃ/২০১৬/১০৩৮/১৮

-হিসাব,

তারিখ: ০৫/০৮/২০১৬ খ্রি.

অবগতি ও কার্যার্থে-

- ১) সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩) পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/কুমিল্লা/খুলনা/ময়মনসিংহ/সিলেট/বরিশাল/রংপুর, অঞ্চল (প্রেষণে)।
- ৪) উপ-পরিচালক (মাধ্যমিক/কলেজ-২/বিশেষ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / কুমিল্লা / খুলনা / ময়মনসিংহ / সিলেট / বরিশাল / রংপুর, অঞ্চল।
- ৬) উপ-পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/কুমিল্লা/খুলনা/ময়মনসিংহ/সিলেট/বরিশাল/রংপুর অঞ্চল, (প্রেষণে)।
- ৭) জেলা শিক্ষা অফিসার, -----।
- ৮) সহকারী পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/কুমিল্লা/খুলনা/ময়মনসিংহ/সিলেট/বরিশাল/রংপুর, অঞ্চল (প্রেষণে)।
- ৯) সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১০) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, -----।
- ১১) প্রশাসনিক কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১২) পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১৩) সংরক্ষণ নথি।

(মোঃ শফিকুল ইসলাম সিদ্দিকি)  
উপ-পরিচালক (সাং প্রশাঃ)  
ফোন: ৯৫৫৩৬০৭